

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৬.২৩.০০৭.২৩.৩৬২

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বিষয়: মহান বিজয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২৪.৩৬; তারিখ: ৩/১১/২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত মহান বিজয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত মোতাবেক এ মন্ত্রণালয় এবং অধীন দপ্তর/সংস্থার কার্যক্রমসমূহ নিম্নরূপভাবে পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রম	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	জাতীয় পতাকা (পতাকা বিধি অনুযায়ী) উত্তোলন ও ভবন/স্থাপনায় আলোক সজ্জা	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন প্রতিটি দপ্তর/সংস্থার ভবনে জাতীয় পতাকা উত্তোলন এবং গুরুত্বপূর্ণ ভবন/স্থাপনাসমূহে (১৫-১৬ ডিসেম্বর) আলোকসজ্জায় সজ্জিতকরণ।	সকল দপ্তর/সংস্থা (DOF, DLS, BFDC, BFRI, BLRI, MFA, FLID, BVC)
২	বিনোদনমূলক স্থান উন্মুক্ত রাখা এবং প্রদর্শনীর	শিশুদের জন্য জাতীয় চিড়িয়াখানা সহ সকল বিনোদন উদ্যান সকাল-সন্ধ্যা বিনা টিকেটে প্রদর্শনীর ব্যবস্থা করা;	প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা
৩	বিশেষ মোনাজাত/প্রার্থনা	শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা।	সকল দপ্তর/সংস্থা (DOF, DLS, BFDC, BFRI, BLRI, MFA, FLID, BVC)
৪	ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন।	স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ক্রীড়া অনুষ্ঠান (T-20) ক্রিকেট টুর্নামেন্ট/নৌকা বাইচ (যেখানে সম্ভব)/ফুটবল/কাবাডি/হা-ডু-ডু খেলা) এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন।	মেরিন ফিশারিজ একাডেমী
৫	বিশেষ মানের খাবার পরিবেশন	প্রশিক্ষণ কেন্দ্রে বিশেষ মানের খাবার পরিবেশন এর ব্যবস্থা গ্রহণ।	মেরিন ফিশারিজ একাডেমী

২। সকল দপ্তর/সংস্থা নিজ নিজ কর্মসূচি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

৩। আসন্ন মহান বিজয় দিবস, ২০২৪ প্রতিবারের ন্যায় এবারও যথাযথ মর্যাদা ও গুরুত্বের সাথে উদযাপন করতে হবে। কেন্দ্রীয় অনুষ্ঠানমালার সাথে সামঞ্জস্য রেখে সকল দপ্তর/সংস্থাকে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

সংযুক্তি: ১৬ ডিসেম্বর, ২০২৪ মহান বিজয় দিবস উপলক্ষে আন্তঃমন্ত্রণালয়, সভার কার্যবিবরণী।

সকল সংযুক্তিসমূহ:

(১) ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২৪.৩৬ - ১৬ ডিসেম্বর, ২০২৪ মহান বিজয় দিবস উপলক্ষে আন্তঃমন্ত্রণালয়, সভার

কার্যবিবরণী প্রেরণ।



১২-১২-২০২৪

মোঃ আঃ জলিল

উপসচিব

০২৫৫১০০৪৩৮

administration-1@mofl.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ২। সকল দপ্তর/সংস্থা প্রধান।
- ৩। পরিচালক, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা।

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৬.২৩.০০৭.২৩.৩৬২/১(৬)

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। যুগ্মসচিব, প্রশাসন-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অফিস কপি।



১২-১২-২০২৪

মোঃ আঃ জলিল

উপসচিব